উপজেলা পরিষদ
ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

## মে/২৫ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব মো: আরিফুল ইসলাম প্রিন্স
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক, উপজেলা পরিষদ,
ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
স্থান : উপজেলা পরিষদ হলরুম, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
তারিখ : ২১/০৫/২৫ খ্রিষ্টাব্দ সময়ঃ বিকাল ১১.৩০ঘটিকা।

**উপস্থিত এবং সংযুক্ত সদস্যগণের তালিকা পরিশিষ্ট "ক" "খ"**

সভার সভাপতি প্রশাসক উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ কর্তৃক সভার শুরুতেই সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। প্রশাসক উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, ময়মনসিংহ সদর উপজেলার ২নং কুষ্টিয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব, এস এম শামসুল হক এর আকস্মিক মৃত্যুর বিষয়টি সভায় অবহিত করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে মরহুম এর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করা হয় এবং তার শোক সন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানানো হয়। বিগত সভার মে/২৫ মাসের কার্যবিবরণী পাঠকরা হয় এবং কোন সংশোধন উথাপিত না হওয়ায় তা দৃঢ়ীকরণ করা হয়। এর পর আলোচনান্তে নিম্ন সিদ্ধান্ত গৃহিত হয়।

| ক্র: নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১ | **উপজেলা প্রকৌশলী অফিসঃ** উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ক) ময়মনসিংহ সদর উপজেলা পরিষদের নতুন ভবনের 4th Floor( উর্ধ্বমূখী সম্প্রসারণ)কাজের দরপত্র আহবানের মাধ্যমে গত ১৬-০২-২০২৫ইং তারিখে ঠিকাদার নির্বাচন করে কার্যাদেশ প্রদান করা হয়। ঠিকাদার সাহেব কাজটি বাস্তবায়নের শুরুতেই চিলাকোঠার ছাদ, বীম এবং ছাদের চার পাশের প্যারাপেট ওয়াল Dismantling পূর্বক পরিষদ চত্বরে জমা রেখেছেন। সরেজমিনে পরিমাপ গ্রহণ করে ৫৩৯ কেজি স্ক্রাপ লোহা এবং ১৯.১৪৯ ঘনমিটার ইটের ব্যাটস/রাবিশ পাওয়া যায় । প্রতি কেজি স্ক্রাপ লোহা ২৮.০০ টাকা কেজি দর এবং প্রতি ঘনমিটার ইটের ব্যাটস/রাবিশ ৩৫০.০০ টাকা দর ধরে উপজেলা প্রকৌশল দপ্তরের মাধ্যমে মোট ২১,৭৯৪.০০ টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। এমতাবস্থায় প্রাক্কলন অনুমোদন পূর্বক খোলাডাকে নিলাম করা যেতে এবং নিলাম মূল্য সরকারী কোষাগারে জমা দেওয়া যেতে পারে।<br>খ) ময়মনসিংহ সদর উপজেলা পরিষদের ২৪-০৩-২০২৫ইং মাসে অনুষ্ঠিত মাসিক সাধারন সভায় উপজেলা পরিষদের পুকুরের চারপাশে প্যালাসাইডিং সংস্কার ও মোরামতকরণ, উপজেলা পরিষদের পুকুরের চারপার্শে ওয়াকওয়ে, গ্রীল ও লাইট সংস্কার ও মেরামতকরণ, উপজেলা নির্বাহী অফিসারের বাংলোর এরিয়ার অভ্যন্তরে ওয়েটিং/ভিজিটর রুম এবং আনসার পোষ্ট সংস্কার ও মেরামতকরণ, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের ভিতরের রাস্তা ও নিচু প্রাঙ্গন উঁচু করণ ও ড্রেনেজ সংস্কার /মেরামত, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের অপেক্ষমান/ ভিজিটর রুম সংস্কার /মেরামত কাজসহ মোট ০৭টি স্কীমের প্রাক্কলন প্রেরন করা হয়। যার মোট প্রাক্কলিত মূল্য ছিল ৮৮,৪৭,৭৭০টাকা । কিন্তু স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয় , স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখার স্মারক নং: ৪৬.০০.০০০০.০৪৫.২০.০০২.২৪ (অংশ-১)-১০৯৩, তারিখ-০৭-০৫-২০২৫ইং অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে উপজেলা পরিষদের পুকুরের চারপার্শে প্যালাসাইডিং সংস্কার /মেরামত, উপজেলা উপজেলা পরিষদের পুকুরের চারপার্শে ওয়াকওয়ে , গ্রীল ও লাইট সংস্কার /মেরামত, অস্থায়ী , অস্থায়ী আনসার ব্যারাকের সেমিপাকা ভবন সংস্কার / মেরামত, উপজেরা নির্বাহী অফিসারের বাংলো সংলগ্ন বাউন্ডারি ওয়াল সংস্কার / মেরামত, উপজেলা নির্বাহী অফিসারের বাংলোর এরিয়ার অভ্যন্তরে রাস্তা ও ড্রেন এবং নিচু স্থান সংস্কার /মেরামত, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে আগত সেবা প্রত্যাশীদের ভিজিটর রুম মেরামত/ সংস্কার কাজের জন্য মোট ৪০,০০,০০০.০০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া যায়। চাহিদার তুলনায় বরাদ্দ অপ্রতুল হওয়ায় উপজেলা পরিষদের মাসিক সাধারন সভায় অনুমোদনের মাধ্যমে উল্লেখিত স্কীম | ক) সভায় বিস্তারিত আলোচনান্তে প্রস্তুতকৃত প্রাক্কলন অনুমোদন করা হয় এবং খোলাডাকে নিলাম করনের সিদ্ধান্ত সর্ব সম্মতিক্রমে গৃহিত হয়।<br>খ) সভায় বিস্তারিত আলোচনান্তে উল্লেখিত প্রকল্প গুলো পি পি আর ২০০৮ অনুসরন ক্রমে বিধি মোতাবেক বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |

গুলোর মধ্যে শুধুমাত্র নিম্নলিখিত স্কীম গুলো ০১টি প্যাকেজ e-GP[OTM, STD-PW2(a)] এর মাধ্যমে এবং অবশিষ্ট স্কীম গুলো RFQ (অফ লাইন) এর মাধ্যমে দরপত্র আহবান পূর্বক বাস্তবায়ন করা যেতে পারে।

**ই-জিপি প্যাকেজ**

| ক্র. নং | বিবরন | টাকা |
|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদের পুকুরের উত্তর পার্শ্বের প্রতিরক্ষা দেওয়াল পুন:নির্মান ও সংস্কার। | ৫,৭৫,৩৩৩.১১ |
| ০২ | উপজেলা পরিষদের পুকুরের উত্তর পার্শ্বের প্রতিরক্ষা দেওয়াল পুন:নির্মান ও সংস্কার। | ৫,৪০,৮৫৪.০০ |
| ০৩ | উপজেলা পরিষদের পুকুরের পূর্ব পার্শ্বের প্রতিরক্ষা দেওয়াল মেরামত ও সংস্কার। | ৭,৩০,২৪৫.৩৬ |
| ০৪ | উপজেলা পরিষদের পুকুরের উত্তর ও পূর্ব পার্শ্বের ওয়াকওয়ে মেরামত ও সংস্কার। | ৬,৫৩,৫৬৭.৫৩ |

**কোটেশন (অফ লাইন)**

| ক্র. নং | বিবরন | টাকা |
|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদের হল রুম সংস্কার। | ৩,০০,০০০.০০ |
| ০২ | উপজেলা নির্বাহী অফিসারের বাংলোর ক্যাম্পাসে টোওয়াল দ্বারা সংস্কার ও নির্মাণ। | ৬,০০,০০০.০০ |
| ০৩ | উপজেলা নির্বাহী অফিসারের বাংলতে অপেক্ষম ন কক্ষ ও বাংলো চত্বরে সংস্কার ও নির্মাণ। | ৬,০০,০০০.০০ |
| ০৪ | উপজেলা পরিষদের সম্প্রসারিত নতুন ভবনের নিরাপত্তা গ্রীল ও উপজেলা শিক্ষা অফিসের টয়লেট সংস্কার ও নির্মাণ। | ২,৫০,০০০.০০ |

| | | | |
|---|---|---|---|
| ২ | **উপজেলা কৃষি অফিস :** সভায় উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, তার বিভাগের নিয়মিত কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা কৃষি অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| ৩ | **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস : উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে,** তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| ৪ | **উপজেলা পরিবার পরিকল্পনা অফিস :** উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| ৫ | **উপজেলা মৎস্য অফিস : সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা** সভায় জানান যে, মৎস্য দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। মৎস্যপণ্য পরিদর্শন ও মান নিয়ন্ত্রন আইন ২০২০ অনুযায়ী নিরাপদ মাছ উৎপাদনে সচেতনতা বৃদ্ধি মূলক কার্যক্রম ও বাজার অভিযান চলমান। মাছ আহরণ ও বিক্রয়ের সাথে জড়িত ২০ জন স্টেকহোল্ডারদের ভাবখালী বাজারে আহরণ পরবর্তী ক্ষতি কমানোর কৌশল বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। দাপুনিয়া ভেকি বিলে নার্সারি কার্যক্রম চলমান রয়েছে। খামার পরিদর্শন, পরামর্শ প্রদান, মৎস্যখাদ্য ও হ্যাচারী লাইসেন্স নবায়ন, পুকুরের পানি পরীক্ষাসহ সকল সম্প্রসারণ মূলক কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| ৬ | **উপজেলা প্রাণিসম্পদ অফিস :** উপজেলা প্রানীসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের মাধ্যমে প্রাণীর চিকিৎসা, টিকাদান, উঠান বৈঠক ইত্যাদি কাজ চলমান রয়েছে এবং ঘাসের চারা বা কাটিং বিতরণ, কৃত্রিম | কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রানিসম্পদ অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | প্রজনন, বাজার মনিটরিং, উপজেলা প্রশাসনের সহযোগীতা ও নেতৃত্বে মোবাইল কোর্ট পরিচালনা ইত্যাদি কার্যক্রম চলমান আছে। এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | | সংশ্লিষ্ট সকল। |
| ৭ | **উপজেলা সমাজসেবা অফিস :** উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| ৮ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস:** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয়ে MPO ভুক্ত শিক্ষক ও কর্মচারীগনের EFT পদ্ধতিতে বেতন-ভাতা প্রদানের লক্ষ্যে প্রাপ্ত নথি সমূহ নির্ধারিত সময় সীমার মধ্যে নিষ্পত্তি করা হয়েছে। এ ছাড়া এমপিও ভুক্তি, উচ্চতর স্কেল এবং বিভিন্ন ধরনের সংশোধনীসহ প্রাপ্ত নথি সমূহ নির্ধারীত সময় সীমার মধ্যে নিষ্পত্তি করা হয়েছে। পারফরমেন্স বেজড গ্রান্টস ফর সেকেন্ডারী ইন্সটিটিউশনস (PBGSI) শীর্ষক স্কিমের আওতায় স্কুল/মাদ্রাসা /কলেজ ব্যবস্থাপনা জবাবদিহিতা অনুদান প্রদানের লক্ষ্যে বিদ্যমান নীতিমালার আলোকে ০৫(পাঁচ) টি শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন করা হয়েছে। এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| | **উপজেলা সমবায় অফিস :** উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমবায় অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিং ও সংশ্লিষ্ট সকল। |
| ৯ | **উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস**: উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| ১০ | **উপজেলা যুব উন্নয়ন অফিস :** উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, তার দপ্তরের ঋন কার্যক্রম, প্রশিক্ষন, আত্মকর্মসংস্থান সৃজন যুব সংগঠন রেজিস্ট্রেশন কার্যক্রম এপিএর লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জিত হচ্ছে। এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিং ও সংশ্লিষ্ট সকল। |
| ১১ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে | কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| ১২ | **উপজেলা মহিলা বিষয়ক অফিস :** উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভায় জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিং ও সংশ্লিষ্ট সকল। |
| ১৩ | **উপজেলা বিআরডিবি অফিস :** উপজেলা বি আর ডি বি অফিসার সভায় জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা বি আর ডি বি অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিং ও সংশ্লিষ্ট সকল। |
| ১৪ | **উপজেলা নির্বাচন অফিসঃ** উপজেলা নির্বাচন অফিসার সভায় জানান যে, ভোটার হালনাগাদ এর কাজ চলমান রয়েছে এছাড়া তার বিভাগের সার্বিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের জন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেন। এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাচন অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| ১৫ | **উপজেলা পরিসংখ্যান অফিস:** উপজেলা পরিসংখ্যান অফিসার সভায় জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |

CS CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১৬ | **উপজেলা খাদ্য অফিস :** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসার সভায় জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| ১৭ | **উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অফিস :** উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী সভায় জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা জনস্বাস্থ্য অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিং ও সংশ্লিষ্ট সকল। |
| ১৮ | **উপজেলা আইসিটি অফিস :** উপজেলা আইসিটি কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা আইসিটি অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিং ও সংশ্লিষ্ট সকল। |
| ১৯ | **বিবিধ**<br>উপজেলা পরিষদের সিটি কর্পোরেশন এর ২০২৪-২৫ অর্থবছর পর্যন্ত ধার্যকৃত বকেয়াসহ ৩০০০০০০(ত্রিশ লক্ষ) টাকার মধ্যে এর পূর্বে (নভেম্বর/২৪ ) মাসের মাসিক সভায় সিদ্ধান্ত অনুযায়ী ১৫০০০০০ (পনের লক্ষ) টাকা পরিশোধ করা হয়েছে। বাকি ১৫০০০০০ (পনের লক্ষ)টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করার বিষয়ে আলোচনা করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ধার্যকৃত হোল্ডিং ট্যাক্সের বকেয়া অংশ পরিশোধ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার/ ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| ১৯/১ | বিবিধ<br>উপজেলা পরিষদের সকল বকেয়া বৈদ্যুতিক বিল জনস্বার্থে পরিশোধের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভাপতি সভায় উপস্থাপন করেন যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয় , স্থানীয় সরকার বিভাগ, প্রশাসন-১ শাখা এর স্মারক নং-৪৬.০০.০০০০.০৩৯.০১৮.০০৭.২০২০.৫৫৭ তারিখ: ২০মে২০২৫ তারিখের পত্র মতে স্থানীয় সরকার প্রতিষ্ঠান হিসেবে উপজেলা পরিষদ সমূহের বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের নির্দেশনা দিয়ে স্থানীয় সরকার বিভাগের ইতোমধ্যে পত্র জারি হয়েছে। এক্ষেত্রে উপজেলা পরিষদের নিয়ন্ত্রনাধীন মোট ০৩ টি মিটারে ২০২৪-২৫ অর্থবছরের এপ্রিল/২৫ পর্যন্ত মোট বকেয়া ৫৮৪৭১৯ (পাঁচ লক্ষ চুরাশি হাজার সাতশত উনিশ) টাকা । এটা বিধি অনুযায়ী পরিশোধের সিদ্ধান্ত গৃহিত হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে সকল বিদ্যুৎ বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে বিধি অনুযায়ী পরিশোধের সিদ্ধান্ত গৃহিত হয়। সকল ক্ষেত্রে বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হওয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| ১৯/২ | বিবিধ<br>উপজেলা পরিষদের অভ্যন্তরে ঝড়ে উপড়ে পড়া বিনষ্টযোগ্য ও মরা গাছ জনস্বার্থে জরুরি ভিত্তিতে অপসারন লক্ষ্যে (রেন্টি) ০১টি, (আম)০২টি, (অর্জুন)০১টি, (মেহগনি) ০২টি মরা নারকেল গাছ সহ যে সকল মরা ও ঝড়ে উপড়ে পরা গাছ রয়েছে সেগুলোর প্রাক্কলন প্রস্তুত করার জন্য বনবিভাগ বরাবর পত্র প্রদানের প্রেক্ষিতে মোট ৩০,০২৫/-(ত্রিশ হাজার পঁচিশ) টাকার প্রাক্কলন পাওয়া গিয়েছে। এ ক্ষেত্রে স্থানীয় সরকার বিভাগের উপ-২শাখা এর ১৫/০৮/২০০৭ তারিখের স্মারক নং-উপ-২/৪জি-১২৪/২০০৫/৩৮৪ স্মারক মতে উক্ত গাছগুলো বিধিমোতাবেক নিলামে বিক্রি প্রয়োজন এবং এ ক্ষেত্রে জেলা প্রশাসকের পূর্বানুমতি গ্রহন করতে হবে। | সভায় বিস্তারিত আলোচনান্তে উক্ত গাছগুলো নিলামের মাধ্যমে বিধি মোতাবেক অপসারণের নিমিত্ত অনুমতি চেয়ে জেলা প্রশাসক, ময়মনসিংহ বরাবর পত্র প্রেরনের সিদ্ধান্ত গৃহিত হয় এবং অনুমোদন প্রাপ্তি সাপেক্ষে বিধি অনুযায়ী নিলাম করার সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা রেঞ্জ অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| ১৯/৩ | বিবিধ<br>উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ ও আগত সেবা প্রত্যাশীদের জন্য ব্যবহৃত অপেক্ষমান কক্ষটি একই সাথে ব্যবহার করা সম্ভব হলে একই সাথে গনশুনানী ও অন্যান্য শুনানী কার্যক্রম গ্রহন সহজতর ও কার্যকর হবে। এছাড়া বর্তমান ভবনটি হস্তান্তর হওয়ায় পরে security period অতিক্রান্ত হয়েছে। তাই কোন স্ট্রাকচারাল ডিজাইন পরিবর্তন না করে প্রয়োজনানুযায়ী একই সাথে ব্যবহার করার বিষয়ে সকলে গুরোত্তারোপ ও একমত পোষন করেন। এ ক্ষেত্রে সামনের অস্থায়ী | সভায় বিস্তারিত আলোচনান্তে কোন স্ট্রাকচারাল ডিজাইন পরিবর্তন না করে জনস্বার্থে প্রয়োজনীয় নির্দেশনা অনুসরন পূর্বক ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | অপেক্ষমান কক্ষটি প্রয়োজনীয় সংস্কার করা যেতে পারে। এই কার্যক্ষেত্রে অপসারিত মালামাল পরিষদের প্রয়োজনে পুন: ব্যবহার করার বিষয়ে আলোচনা করা হয়। | | |
| ১৯/৪ | <u>বিবিধ</u><br>ক) উপজেলা উন্নয়ন তহবিলের আওতায় ২০২০-২০২১ অর্থবছর হতে ২০২৪-২০২৫ অর্থবছর পর্যন্ত উন্নয়নমূলক প্রকল্পের জন্য মোট ১৭ টি পত্রিকার বিজ্ঞপ্তি বিল এর প্রেক্ষিতে ভ্যাট, আয়কর, সার্ভিস চার্জ, সহ মোট ৩,৭২,৫৩৪/- পরিশোধ করার বিষয়ে আলোচনা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে, বিধি মোতাবেক উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| ১৯/৫ | <u>বিবিধ</u><br>উপজেলা প্রকৌশলী সভায় আরো জানান যে, দাপুনিয়া ইউনিয়ন পরিষদের প্রশাসকের মাধ্যমে দাপুনিয়া ইউনিয়নে বাবুরী আকন্দ ফিশারিস থেকে বাবুরী শামছুল হকের বাড়ী পর্যন্ত সলিং করার জন্য চাহিদা পাওয়া গিয়েছে। উপজেলা প্রকৌশলী পরিদর্শন পূর্বক উক্ত সড়কটুকু সলিং করনের প্রাক্কলন প্রস্তুত করেন, যার প্রাক্কলিত মূল্য= ৪,৮৫,০০০/-। জুন/২০২৫ইং আসন্ন বিবেচনা পূর্বক উক্ত কাজটি RFQ এর মাধ্যমে বাস্তবায়নের পরবর্তী সিদ্ধান্ত গ্রহন করা যেতে পারে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, উপজেলা উন্নয়ন তহবিল (রাজস্ব উদ্বৃত্ত) হতে সড়কটি আরএফকিউ এর মাধ্যমে দরপত্র আহবান পূর্বক বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| ১৯/৬ | **<u>বিবিধঃ</u>** বিস্তারিত আলোচনায় নিম্নোক্ত প্রকল্প/পূর্তকাজগুলো বাস্তবায়নের নিমিত্ত সবাই জনগুরুত্বপূর্ণ বিবেচনায় একমত পোষণ করেন এবং এগুলো দ্রুত বাস্তবায়নের বিষয়ে গুরুত্বারোপ করেন।<br><u>রাজস্ব তহবিলঃ</u><br>০১। উপজেলা পরিষদের অনুমোদিত দাপ্তরিক ব্যয় (আপ্যায়ন,মনিহারি ও আনুষাংগিক ব্যয় ইত্যাদি) বিধিমোতাবেক নীতিমালা অনুযায়ী ব্যয়সীমার মধ্যে নির্বাহ করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>০২। উপজেলা পরিষদের জীপ গাড়ি নং ঘ-১১০০৪৪ এর জ্বালানী বিল বিধিমোতাবেক নীতিমালা অনুযায়ী ব্যয়সীমার মধ্যে নির্বাহ করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>০৩। সম্প্রসারিত উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনের নিরাপত্তা গ্রীল ও সমবায় অফিসের টয়লেট সংস্কার।(RFQ)<br>০৩। উপজেলা পরিষদের গাড়ির জন্য ওপেনরোড এবং সংলগ্ন প্রাঙ্গন উচুকরণ।(পিআইসি)<br><u>উন্নয়ন তহবিলঃ</u> | আলোচনান্তে উপজেলা রাজস্ব তহবিল ও উন্নয়ন তহবিল থেকে PPR,2008 (পিপিআর ২০০৮) অনুসরণক্রমে প্রয়োজনীয় ক্ষেত্রে উপজেলা প্রকৌশলীর মাধ্যমে প্রাক্কলন প্রস্তুত করে উক্ত প্রকল্পগুলো বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |

পরিশেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯/০৫/২৫

(মো. আরিফুল ইসলাম প্রিন্স)
প্রশাসক
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

CamScanner

স্মারক নং: ০৫.৪৫.৬১৫২.০০০৯.০৩.০০১.২০২৫-৬৫৪ তারিখ: ২১-০৫-২০২৫খ্রি:।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

১। সচিব স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।

৩। জেলা প্রশাসক, ময়মনসিংহ।

৪। উপজেলা ................................ কর্মকর্তা (সকল), ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

৫। প্রশাসক/ চেয়ারম্যান........................ইউপি (সকল), ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

৬। জনাব.......................................................................।

৭। অফিস কপি।

২১/০৫/২৫

(মো. আরিফুল ইসলাম প্রিন্স)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
ও
উপজেলা নির্বাহী অফিসার
ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

CamScanner